

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

আইন ডিভিশন

সিএমআরআরসি ডিপার্টমেন্ট

রেগুলেটরী সেকশন

www.sec.gov.bd

সূত্র নং- ৫৩.০২.০০০০.০০০.২০১.২২.০১৫৩.০৬.১০৬

তারিখঃ ১৫ জুলাই ২০২৬

নির্দেশনা

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থে, মিউচুয়াল ফান্ড সম্পর্কিত কতিপয় নির্দেশনা দেওয়া প্রয়োজন;

অতএব, সেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর ধারা 20A-এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ নির্দেশনা প্রদান করিল, যথাঃ

“যেই ক্ষেত্রে কোনো মিউচুয়াল ফান্ড স্কীমের কোনো হিসাববর্ষ সমাপ্ত হইবার পর উক্ত হিসাববর্ষের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীতে নীট লাভ অর্জন করিয়াছে মর্মে প্রতীয়মান হয়, সেই ক্ষেত্রে ট্রাস্টি, সংশ্লিষ্ট নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী অনুমোদনের সময়, যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, উক্ত লাভ সিকিউরিটিজ বিক্রয়পূর্বক নগদায়নের মাধ্যমে নগদ লভ্যাংশ হিসেবে বিতরণ না করিয়া বিনিয়োগকারীদের সর্বোত্তম স্বার্থে স্কীমে সংরক্ষণের মাধ্যমে স্কীমের নীট সম্পদ মূল্য (Net Asset Value) বৃদ্ধি করা অধিক সমীচীন হইবে, তাহা হইলে ট্রাস্টি উক্ত হিসাববর্ষের জন্য নগদ লভ্যাংশ ঘোষণা না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, নগদ লভ্যাংশ হিসাবে বিতরণ না করিবার ফলে স্কীমের নীট সম্পদ মূল্যের (Net Asset Value) যে বৃদ্ধি হইয়াছে, সে সম্পর্কিত একটি সুস্পষ্ট বর্ণনা সংশ্লিষ্ট নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণীর টীকায় উল্লেখ করিতে হইবে।”

এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আদেশক্রমে



মাসুদ খান

চেয়ারম্যান।